

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৮৮০০.০৪২.১৪.০৩৩.১৭. 2685

তারিখঃ ০৪ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে সিরাজগঞ্জ জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ সিরাজগঞ্জ জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপসি/৩০৫, তারিখঃ ১০/১০/২০১৭।


২০১৭-২০১৮ অর্থ বছরে সিরাজগঞ্জ জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৪,৭০,০০,০০০/- (চার কোটি সত্তর লক্ষ) টাকায় গৃহীত ১৬৪টি প্রকল্পের মধ্যে সদর উপজেলার প্রকল্প তালিকার ক্রমিক নং-৬, উল্লাপাড়া উপজেলার প্রকল্প তালিকার ক্রমিক নং-৩, রায়গঞ্জ উপজেলার প্রকল্প তালিকার ক্রমিক নং-৬ এ বর্ণিত প্রকল্পসমূহ ব্যতীত ৪,৬০,০০,০০০/- (চার কোটি ষাট লক্ষ) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ১৬১টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ৫.০০ লক্ষ টাকা থেকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, সিরাজগঞ্জ কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্প/প্রকল্পসমূহ বাস্তবায়ন করে মন্ত্রণালয়কে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- দৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে;
- স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে জেলা পরিষদ সিরাজগঞ্জ এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত কথ্যটি লিখে ফলক লাগাতে হবে।

২। ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকায় গৃহীত সদর উপজেলার প্রকল্প তালিকার ক্রমিক নং- ৬ এ বর্ণিত প্রকল্পটি শহীদ রফিকুল কিন্ডারগার্টেন স্কুল উন্নয়ন সংক্রান্ত। ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় গৃহীত উল্লাপাড়া উপজেলার প্রকল্প তালিকার ক্রমিক নং- ৩ এ বর্ণিত প্রকল্পটি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান নিরাপদ জীবন (Save the Life) নেওয়ারগাছা উন্নয়ন সংক্রান্ত এবং ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় গৃহীত রায়গঞ্জ উপজেলার প্রকল্প তালিকার ক্রমিক নং-৬ এ বর্ণিত প্রকল্পটি ধানগড়া থেকে কাঠেরপুল সি,এন,জি চালক সমিতির অফিস ঘর নির্মাণ সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


২০১৭/১৭
(আনজুমান আরা)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, সিরাজগঞ্জ।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।